৫৩

ভোরের কাগজ

তারিখ 2-7 JUL 1998

পৃ: ৭ কলাম ৫

প্রসঙ্গ পরিচালনা বোর্ডের সভাপতি

# শিক্ষকদের দ্বন্দ্বে তেজগাঁও মহিলা কলেজ বন্ধ ঘোষণা

কাগজ প্রতিবেদক : রাজধানীর তেজগাঁও মহিলা কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজের পরিচালনা বোর্ডের সভাপতি বদলানোর দাবিকে কেন্দ্র করে শিক্ষকদের দুই গ্রুপের দ্বন্দ্বের কারণে অধ্যক্ষা গতকাল রোববার কলেজটি বন্ধ ঘোষণা করেন।

জানা গেছে, শিক্ষকদের একটি অংশ কলেজ পরিচালনা বোর্ডের বর্তমান সভাপতি খানে আলম খানের বদলে ঐ পদে স্থানীয় সাংসদ ডা. এইচ বি এম ইকবালকে আনার জন্য অধ্যক্ষার কাছে দাবি জানিয়ে আসছিলেন। কিন্তু অধ্যক্ষা বর্তমান সভাপতির মেয়াদ শেষ না হওয়ায় তাকে বহাল রাখার পক্ষে থাকায় শিক্ষকদের মধ্যে বিভাজন তৈরি হয়। এলাকার লোকজনও সভাপতি বদলানোর জন্য অধ্যক্ষার ওপর চাপ সৃষ্টি করেন বলে জানা যায়।

কলেজের অধ্যক্ষা শফিনাজ বেগমের সঙ্গে গতরাতে যোগাযোগ করা হলে তিনি বলেন, বহিরাগতরা তাকে অনেকদিন ধরেই এ ব্যাপারে চাপ দিয়ে আসছিল, সম্প্রতি তারা হুমকি দিতে শুরু করে। বারবার সন্ত্রাসীরা কলেজে এসে হুমকি দেয়, সবশেষে এসে বলে গেছে, আজ সোমবারের মধ্যে বোর্ডের সভাপতি বদলানোর উদ্যোগ না নিলে তাকে কলেজে ঢুকতে দেওয়া হবে না। অধ্যক্ষা বলেন, এই অস্বাভাবিক পরিস্থিতিতে গতকাল তিনি কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করেন। তিনি জানান, সভাপতি বদলানোর দায়িত্ব তার নয়, তাছাড়া বর্তমান সভাপতির মেয়াদ আরো ১৬ মাস আছে।

অন্যদিকে অপর গ্রুপের শিক্ষকদের একজন জানান, বর্তমান সভাপতি বয়োবৃদ্ধ। তিনি কলেজের মিটিংগুলোতেও নিয়মিত আসেন না। অন্যদিকে স্থানীয় সাংসদকে সভাপতি করা হলে কলেজের উন্নতি হবে বলে এলাকাবাসী এবং অধিকাংশ শিক্ষক অধ্যক্ষাকে এ ব্যাপারে উদ্যোগ নিতে বলেন। অধ্যক্ষা ৭ দিন সময় নেন। সেই ৭ দিন গতকাল রোববার শেষ হয়। কিন্তু গতকাল ক্লাস শেষ হওয়ার পর কাউকে কিছু না জানিয়ে অধ্যক্ষা কলেজ বন্ধ ঘোষণা করেন।